



চট্টগ্রাম সিটি কর্পোরেশন

জনসংযোগ শাখা

চট্টগ্রাম

মোবাইল নং-০১৮২৪৪৭৭৬৯৩



(প্রেস বিজ্ঞপ্তি - ১)

মেয়রের সাথে সাক্ষাত চায়না প্রতিনিধির

নগরে মনোরেল চালুর প্রস্তাব

চট্টগ্রাম- ১৯ মে ২০২১

চট্টগ্রাম নগরীর যাতায়ত ব্যবস্থায় গতি আনতে মনোরেল চালুর প্রস্তাব নিয়ে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র মো. রেজাউল করিম চৌধুরীর সাথে আজ দুপুরে নগরীর টাইগার পাসস্থ কর্পোরেশনের অস্থায়ী নগর ভবন কার্যালয়ে সাক্ষাত করেছেন চায়না প্রতিষ্ঠান উইহায় (Weihai) ইন্টারন্যাশনাল ইকোনোমিক এন্ড টেকনিক্যাল কো-অপারেটিভ কোম্পানী লিমিটেড ও চায়না রেলওয়ে কনস্ট্রাকশন কোম্পানী লিমিটেডে এর একটি টিম। চায়না কোম্পানীর এই টিম সাক্ষাত করতে এলে মেয়র তাদেরকে স্বাগত জানান। চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র ও চায়না কোম্পানী উইহায় এর ব্যবস্থাপনা পরিচালকের দ্বিপাক্ষিক আলোচনায় বেশ কিছু গুরুত্বপূর্ণ প্রস্তাবনার আলাপ উঠে আসে। আলাপকালে মেয়র মনোরেল চালু করতে কতদিন সময় লাগতে পারে, আর্থিক ব্যয়ের পরিমাণ, অর্থের সংস্থান, মেট্রোরেল ও মনোরেলের মধ্যে পার্থক্যের বিষয় জানতে চান। মেয়রের আশ্রয়ের জবাবে চায়না উইহায় কোম্পানীর ব্যবস্থাপনা পরিচালক বলেন, মনোরেল হলো আধুনিক প্রযুক্তি সম্পন্ন। এর ব্যয় ও ব্যবস্থাপনা চায়না সহায়তায় হবে। মনোরেলের ক্ষেত্রে মেট্রোরেলের চেয়ে ৪০ শতাংশ অর্থের সাশ্রয় হবে। মনোরেলের জন্য ব্যাপক জায়গার প্রয়োজন হয় না এবং স্থাপনার মধ্যেও লাইনটি চালু করা যায়। অন্যদিকে দুই-আড়াই বছরের মধ্যে মনোরেল স্থাপন করে চালু করা সম্ভব। মেয়র তাদের প্রস্তাবনা শুনে এবং তা লিখিত আকারে বিস্তারিত তথ্য জমা দেয়ার আহ্বান জানান। তিনি বলেন, ইতোপূর্বে নগরীতে মেট্রোরেলের প্রস্তাবনা নিয়ে আলোচনা হয়েছে এবং নগরীর এ. কে খান থেকে কর্ণফুলী ব্রীজ, কালুরঘাট থেকে শাহ আমানত বিমান বন্দর, অক্সিজেন থেকে বিমান বন্দর, লালখান বাজার থেকে বিমান বন্দর এই চারটি রুটের উপর জরিপ ও পর্যবেক্ষণ করে সম্ভাব্যতা যাচাই সম্পন্ন করা হয়েছে। এই দুটি প্রস্তাবনার উপর যাচাই-বাছাই করে জনসংখ্যার ঘনত্ব, সময় ও আর্থিক সাশ্রয় বিবেচনা ও যাতায়ত ব্যবস্থাকে টেকসই করতে মনোরেল চালু করলে ভালো হয় তবে তা অবশ্যই করা হবে।

এ সময় উইহায় (Weihai) ইন্টারন্যাশনাল ইকোনোমিক এন্ড টেকনিক্যাল কো-অপারেটিভ কোম্পানী লিমিটেড এর ব্যবস্থাপনা পরিচালক লি মেং (Li Meng), চায়না রেলওয়ে কোম্পানীর মি. এরিখ, কর্পোরেশনের প্যানেল মেয়র মো. গিয়াস উদ্দীন, কাউন্সিলর হাসান মুরাদ বিপ্লব, মো. আব্দুল মান্নান, মেয়রের একান্ত সচিব মুহাম্মদ আবুল হাশেম, প্রধান প্রকৌশলী (ভারপ্রাপ্ত) রফিকুল ইসলাম মানিক, নির্বাহী প্রকৌশলী আবু সাদাত মো. তৈয়ব, আশিকুল ইসলাম, সহকারি স্থপতি আব্দুল্লাহ ওমর, মেট্রোরেল প্রকল্পের ও কোদায়ারি (Kodawri) ইঞ্জিনিয়ারিং ও কনস্ট্রাকশন কোম্পানীর প্রকৌশলী আবিদ রহমান তানভীর, মাওয়া গ্রুপের আহনাফ আকিফ, দিদার আলম উপস্থিত ছিলেন।

অসহায় কেউ খাদ্য সহায়তা

চাইলে তা পোঁছে দেয়া হবে - মেয়র

চট্টগ্রাম- ১৯ মে ২০২১

সরকারি সহায়তায় চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র মো. রেজাউল করিম চৌধুরী ৪১টি ওয়ার্ডের কাউন্সিলর ও সংরক্ষিত ওয়ার্ড কাউন্সিলরের মাধ্যমে নগরীর ৬হাজার ২শত পরিবারের মাঝে শিশু খাদ্য বিতরণ করেছেন। বিতরণ করা খাদ্যের মধ্যে ছিল চাল, দুধ, চিনি ও মশুরডাল। করোনাকালীন সময়ে গরীব, মধ্যবিত্ত ও নিম্নমধ্যবিত্ত পরিবারের জীবন-জীবিকা সংকট মোচনে এই সহায়তা করা হয়। আগামীতেও এই সহায়তা অব্যাহত থাকবে। মেয়র বলেন, যদি নগরীর কোন অসহায় নাগরিকের খাদ্য সহায়তা প্রয়োজন হয়, তবে চসিক বরাবরে আবেদন করলে তাদের পরিবারে কাছে জরুরী ভিত্তিতে খাদ্য সামগ্রী পোঁছে দেয়া হবে। এক্ষেত্রে সাহায্য সহায়তা প্রার্থীর পরিচয়ও গোপন রাখা হবে। তিনি আরো বলেন, জনপ্রতিনিধি হিসেবে আমি সবসময় নিষ্ঠার সঙ্গে আপনাদের পাশে থাকবো।

সংবাদদাতা

স্বাক্ষরিত/-

(কালাম চৌধুরী)

জনসংযোগ কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব)

চট্টগ্রাম সিটি কর্পোরেশন, মোবাইল-০১৮২৪-৪৭৭৬৯৩